

## ■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৪৯

২/ সালাত (الصلوة)

পরিচ্ছেদঃ ২০৮. জুমু'আহর দিনে কোন সময়ে দু'আ করুল হয়

بَابُ الإِجَابَةِ أَيَّهُ سَاعَةً هِيَ فِي يَوْمِ الْجُمُعَةِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ صَالِحٍ، حَدَّثَنَا ابْنُ وَهْبٍ، أَخْبَرَنِي مَخْرَمَةُ، - يَعْنِي ابْنُ بُكَيْرٍ - عَنْ أَبِيهِ، عَنْ أَبِي بُرْدَةَ بْنِ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ، قَالَ قَالَ لِي عَبْدُ اللَّهِ بْنُ عُمَرَ أَسْمَعْتَ أَبَاكَ يُحَدِّثُ عَنْ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي شَأْنِ الْجُمُعَةِ يَعْنِي السَّاعَةِ . قَالَ قُلْتُ نَعَمْ سَمِعْتُهُ يَقُولُ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ "هِيَ مَا بَيْنَ أَنْ يَجْلِسَ الْإِمَامُ إِلَى أَنْ تُقْضَى الصَّلَاةُ" . قَالَ أَبُو دَاؤِدَ يَعْنِي عَلَى الْمِنْبَرِ .

- ضعيف

বাংলা

১০৪৯। আবু বুরদা ইবনু আবু মূসা আল-আশ'আরী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বর্ণনা বলেন, একদা 'আবদুল্লাহ ইবনু 'উমার আমাকে জিজ্ঞেস করলেন, আপনি কি আপনার পিতাকে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে জুমু'আহর দিনের (দু'আ করুলের) সেই বিশেষ মুহূর্তটি সম্পর্কে কিছু বর্ণনা করতে শুনেছেন? তিনি বলেন, আমি বললাম, হাঁ, তিনি বলেছেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে বলতে শুনেছিঃ এই বিশেষ মুহূর্তটি হলো ইমামের মিস্বরের উপর বসার সময় থেকে সালাত শেষ হওয়া পর্যন্ত।[1]

দুর্বল।

## English

Abu Burdah b. Abi Musa al-Asha'ri said:

'Abd Allah b. 'Umar said to me: Did you hear your father narrating a tradition from the Messenger of Allah (ﷺ) about an hour on Friday (when supplication

is accepted by Allah)? I said: Yes, I heard it. I heard the Messenger of Allah (ﷺ) say: This hour is found during the period when the imam is seated (for giving Friday sermon) until the prayer is finished.

Abu Dawud said: By sitting is meant sitting on the pulpit.

## ফুটনোট

[1] মুসলিম (অধ্যায় : জুমু'আহ, অনুঃ জুমু'আহর দিনে বিশেষ একটি সময় আছে যখন দু'আ করুল হয়), বায়হাকী (৩/২৫০), ইবনু খুয়াইমাহ (অধ্যায় : জুমু'আহ, অনুঃ যে সময়ে দু'আ করুল হয় তার বর্ণনা, হাঃ ১৭৩৯) সকলে ইবনু ওয়াহাব হতে।

হাদিসের মান: যঙ্গফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু বুরদাহ ইবনু আবু মুসা আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58367>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন